

হাবিপ্রবিতে নতুন তিন সহকারী প্রক্টর

হাবিপ্রবি সংবাদদাতা

প্রকাশ : ২৫ সেপ্টেম্বর ২০২২, ১৪:৩৭



দিনাজপুরের হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (হাবিপ্রবি) সহকারী প্রক্টর হিসেবে নিযুক্ত হয়েছেন নতুন তিন শিক্ষক।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

২০ সেপ্টেম্বর অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. সাইফুর রহমান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান, সহকারী অধ্যাপক মো. জুয়েল আহমেদ সরকার, ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. আলমগীর হোসেন এবং ফিসারিজ ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক কৃষ্ণ চন্দ্র রয় নতুন সহকারী প্রক্টর হিসেবে নিযুক্ত হয়েছেন।